

প্রেস বিজ্ঞপ্তি
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ
বিভিন্ন অপরাধে ৫১টি প্রতিষ্ঠানকে ১.৯৬ লক্ষ টাকা জরিমানা

১৬ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয়ের ১২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, রাজবাড়ী, রাজশাহী, বাগেরহাট, রংপুর, কুমিল্লা, বরিশাল, টাঙ্গাইল, খুলনা, সিলেট ও মৌলভীবাজারে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রিনা বেগমের নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে ডিডি বোট ক্লাব এবং ক্যাফেকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে কুটুমবাড়ি রেস্টুরেন্ট, গ্যাসোলিন ক্যাফে ও দ্যা রেডউইজে ক্যাফেকে যথাক্রমে ১০,০০০/- (দশ হাজার) টাকা, ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৫,০০০/- (পাঁচ হাজার) টাকাসহ মোট ৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ৩ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

অন্যদিকে ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রঞ্জবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর ধানমন্ডি এলাকায় অভিযোগের ভিত্তিতে ধার্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Dingii ও Cafe-SO13 কে যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা করে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ২ জন অভিযোগকারীদেরকে জরিমানার ২৫% হিসাবে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা তাৎক্ষণিকভাবে প্রদান করা হয়।

রংপুর বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আরিফুল ইসলামের নেতৃত্বে রংপুর সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ১০,৫০০/- (দশ হাজার পাঁচশত) টাকা, বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক সুমী রাণী মিত্রের নেতৃত্বে বরিশাল সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহী মহানগরের রাজপাড়া থানায় ২টি প্রতিষ্ঠানকে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার লাকসাম উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৫,৮০০/- (পাঁচ হাজার আটশত) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের মধুপুর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ১১,০০০/- (এগার হাজার) টাকা, খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনার ডুমুরিয়া উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেট সদর উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা, মৌলভীবাজার জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল আমিনের নেতৃত্বে মৌলভীবাজারের বড়লেখা উপজেলায় ৬টি প্রতিষ্ঠানকে ৯,২০০/- (নয় হাজার দুইশত) টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ী সদর ও বালিয়াকান্দি উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৫,০০০/- (পনের হাজার) টাকা এবং বাগেরহাট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শামিম হাসানের নেতৃত্বে বাগেরহাট সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকাসহ মোট ১,৪১,০০০/- (এক লক্ষ একচল্লিশ হাজার) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বা গুণধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১২টি বাজার তদারকিতে ৫১টি প্রতিষ্ঠানকে মোট ১,৯৬,০০০/- (এক লক্ষ ছিয়ানব্বই হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানার টাকা হতে ৫ জন অভিযোগকারীদেরকে মং ৭,৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা প্রদান করা হয়। এছাড়া গত ১৫ মে ২০১৬ তারিখে সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে সিলেট সদর উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১২,০০০/- (বার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানিটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও বণিক সমিতি, মৎস্য কর্মকর্তা, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র‍্যাব/বিটিডি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, রংপুর, খুলনা, বরিশাল ও সিলেট।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর, রাজবাড়ী, রাজশাহী, বাগেরহাট, রংপুর, কুমিল্লা, বরিশাল, টাঙ্গাইল, খুলনা, সিলেট ও মৌলভীবাজার।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর, রাজবাড়ী, রাজশাহী, বাগেরহাট, রংপুর, কুমিল্লা, বরিশাল, টাঙ্গাইল, খুলনা, সিলেট ও মৌলভীবাজার।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।